

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ভূমি সংস্কার বোর্ড  
শাখা- ৬ (প্রশিক্ষণ)  
১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
www.lrb.gov.bd

স্মারক নং-৩১.০২.০০০০.০১৬.০৪.০০১.১৯. ১৬৬ (১৪)

তারিখ: ২৬ বৈশাখ ১৪২৬  
০৯ মে ২০১৯

বিষয় : শতভাগ ই-নামজারি কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিতকরণ প্রসঙ্গে।

- সূত্রঃ
- ১) মন্ত্রিপরিষদ বিভাগের ২৯ জুন ২০১৫ তারিখের ০৪.০০.০০০০.৮৩১.৪৫.০১৭.১৩.১৯ নম্বর প্রজ্ঞাপন।
  - ২) মন্ত্রিপরিষদ বিভাগের ৩০ এপ্রিল ২০১৭ তারিখের ০৪.০০.০০০০.৮৩১.০০১.০১৭.১৩.১৪৯ নম্বর প্রজ্ঞাপন।
  - ৩) প্রধানমন্ত্রীর কার্যালয়ের ০৭ আগস্ট ২০১৭ তারিখের ০৩.৮০৬.০০৩.০০.০০.০২৬.১৬-২২০৯.০১৭.১৩.১৪৯ নম্বর স্মারক
  - ৪) মন্ত্রিপরিষদ বিভাগের ২৭ আগস্ট ২০১৭ তারিখের ০৪.০০.০০০০.৮৩১.৯৯.০০১.১৬.২৫৫ নম্বর প্রজ্ঞাপন।
  - ৫) ভূমি মন্ত্রণালয়ের ১৩ ডিসেম্বর ২০১৭ তারিখের ৩১.০০.০০০০.০৪৬.০৬.০৪৮.১২.৮৪৯ নং স্মারক পত্র।
  - ৬) ভূমি মন্ত্রণালয়ের ২৮ জানুয়ারী ২০১৯ তারিখের ৩১.০০.০০০০.০৩৫.১৬.০১৩.(অংশ)-১৯৯ নং স্মারক পত্র।


উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকসমূহের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভূমি প্রশাসন দেশের সবচেয়ে প্রাচীন প্রতিষ্ঠান। দেশের সর্বোচ্চ থেকে সর্বনিম্ন প্রত্যেক শ্রেণীর প্রত্যেকটি মানুষ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ভূমির সঙ্গে সংশ্লিষ্ট। সেবা গ্রহীতা যেমন সকল মন্ত্রণালয়/বিভাগ থেকে বেশি, তেমনি সেবার পরিধিও ব্যাপক। সংগত কারণেই সেবা গ্রহীতার সেবা পেতে সময় ক্ষেপণ হয়, নানাবিধ সমস্যারও সম্মুখীন হতে হয়। সে প্রেক্ষিতে স্বল্প ব্যয়ে, স্বল্প সময়ে ও হয়রানি মুক্তভাবে সেবা প্রদানের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এর একান্তিক আগ্রহে মাননীয় প্রধানমন্ত্রীর আইসিটি বিষয়ক উপদেষ্টা জনাব সজীব ওয়াজেদ জয় মহোদয়ের নির্দেশনা ও মাননীয় ভূমি মন্ত্রী মহোদয়ের সার্বিক তত্ত্বাবধানে a2i এর কারিগরি সহায়তায় ভূমি সংস্কার বোর্ড ইতোমধ্যে সারা দেশে ই-নামজারি প্রশিক্ষণ সম্পন্ন করেছে। অধিকাংশ উপজেলায় ই-নামজারি চালু হয়েছে। শতাধিক উপজেলায় ১০০% ই-নামজারি কার্যকর হয়েছে। কোন কোন ভূমি অফিসের কর্মকর্তা/কর্মচারীদের অনগ্রহ, ক্ষেত্র বিশেষে অবহেলার কারণে ১০০% ই-নামজারি চালু হচ্ছে না। কিন্তু, মাননীয় তথ্য ও প্রযুক্তি উপদেষ্টা এবং মাননীয় ভূমি মন্ত্রী মহোদয় সুস্পষ্টভাবে ৩০ শে জুন ২০১৯ তারিখের মধ্যে সকল জেলার সকল উপজেলায় ১০০% ই-নামজারি বাস্তবায়নের নির্দেশনা প্রদান করেছেন। একই সঙ্গে ১লা জুলাই ২০১৯ তারিখের পর আর কোন ভূমি অফিসে ম্যানুয়ালে নামজারির আবেদন গ্রহণ না করার নির্দেশ প্রদান করেছেন।

আপনি অবগত আছেন, জেলা কালেক্টর জেলার প্রাচীনতম সরকারী পদ। সময়ের চাহিদার প্রেক্ষিতে জেলা কালেক্টরকেই পরবর্তীতে ক্রমান্বয়ে জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসকের দায়িত্ব প্রদান করা হয়েছে। অর্থাৎ জেলা প্রশাসকের মূল দায়িত্ব জেলা কালেক্টর তথা ভূমি ব্যবস্থাপনা। এক মাত্র জেলা প্রশাসকের নেতৃত্বেই দেশের জনগণকে হয়রানি মুক্ত ভাবে, স্বল্প ব্যয়ে, স্বল্প সময়ে ও স্বচ্ছতার সঙ্গে সেবা নিশ্চিত করা সম্ভব। জেলা প্রশাসকগণের নেতৃত্বে সরকারের এ মহৎ উদ্যোগটি সফলতা লাভ করবে বলে প্রত্যাশা রাখি।

এমতাবস্থায়, স্বীয় পদ, সুনামকে কাজে লাগিয়ে ৩০ শে জুন ২০১৯ তারিখের মধ্যে ১০০% ই-নামজারি বাস্তবায়ন নিশ্চিত করার লক্ষ্যে যাবতীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

জেলা প্রশাসক

.....(সকল)

  
(মুনশী শাহাবুদ্দীন আহমেদ)

চেয়ারম্যান

ভূমি সংস্কার বোর্ড

ফোন - ৯৫৫২৮০৭

ই-মেইল-chairman@lrb.gov.bd

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব/সচিব,.....(সকল মন্ত্রণালয়/বিভাগ)।
- ৪। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
- ৬। প্রকল্প পরিচালক, a2i প্রোগ্রাম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
- ৭। উপ-ভূমি সংস্কার কমিশনার, ১/২/৩, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
- ৮। উপ-ভূমি সংস্কার কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
- ৯। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। চেয়ারম্যান এর একান্ত সচিব (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
- ১২। সদস্য (প্রশাসন/ভূমি ব্যবস্থাপনা) এর ব্যক্তিগত সহকারী (মহোদয়ের অবগতির জন্য), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
- ১৩। জনাব অজয় কৃষ্ণ সাহা, প্রশাসনিক কর্মকর্তা, আইটি শাখা, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা। (পত্রটি ভূমি সংস্কার বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।